

## জাবির ৬ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার

### জাবি প্রতিনিবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের ছাত্র ও একাডেমিক দৈনিকের জাবি সংবাদদাতা আহমেদ রিয়াদের ওপর হানসার ঘটনায় ৬ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করেছে প্রশাসন। ১০ মার্চ অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হলেও বুধবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক স্বাক্ষরিত এক অফিস আদেশে এ সিদ্ধান্তের বিবরণ জানানো হয়। এতে ছয় মাসের জন্য বহিষ্কৃত শিক্ষার্থীরা হল— অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের মোঃ নাহিদ হোসেন ও মোহাম্মদ মাজেদ সীমান্ত প্রভুতত্ত্ব বিভাগের মোঃ মশিউর রহমান রোজেদ, পরিকল্পনা ও প্রকৌশল বিভাগের মোঃ কুশিউর হক শিপাস। তিন মাসের জন্য বহিষ্কৃতরা হলেন— কৃত্তিক বিজ্ঞান বিভাগের মোঃ শামীম হোসেন ও ন্যানোজেনেটিক ইন্ডিজ বিভাগের মোঃ মনিরুল ইসলাম। জাবি রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক জানান, ঘটনা তদন্তে গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে চার শিক্ষার্থীকে ছয় মাস এবং দুই শিক্ষার্থীকে তিন মাসের জন্য বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়। এছাড়াও বহিষ্কৃত শিক্ষার্থীদের প্রত্যেককে পাঁচ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। এনিকে ৬ শিক্ষার্থী বহিষ্কারের প্রতিক্রিয়ায় ছাত্রপীঠ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে

বিশ্ববিদ্যালয়ে শফিক রফিক-জকর হলের ছাত্ররা। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা এ সময় এক সহকারী প্রক্টর ও জাবির এক প্রশাসনিক কর্মকর্তাকে মারধর করে। ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।